ইম্প্রোভাইজড মিউনিশন হ্যান্ডবুক

তাৎক্ষনিকভাবে উদ্ভাবিত বিস্ফোরক বা আই ই ডি

বিস্ফোরক, প্রোপেলান্টস মাইন, গ্রেনেড, মর্টার, রকেট, স্মল আর্মস ওয়েপন, অ্যামিউনিশন ফিউজ, ডেটোনেটর, ডিলে মেক্যানিজম।

অনুবাদঃ-

প্রারম্ভিকা

ভূমিকা

লক্ষ্য উদ্দেশ্য এবং সুবিধা

অপ্রচলিত যুদ্ধ তথা গেরিলা যুদ্ধের বিভিন্ন অভিযান সমূহের মধ্যে কিছু অভিযানে প্রচলিত সামরিক যুদ্ধোপকরণ ব্যবহার করা অসম্ভব এবং ক্ষেত্রবিশেষে নির্বুদ্ধিতা ও বটে ।যার ফলশ্রুতিতে আবশ্যিক ভাবে প্রয়োজন হয় প্রচলিত সামরিক যুদ্ধোপকরন এর পরিবর্তে আশেপাশে থাকা সাধারন এবং আপাতদৃষ্টিতে নিরীহ উপাদানের সাহায্যে প্রয়োজনীয় যুদ্ধোপকরন তৈরি করা। এই পুস্তিকাটির উদ্দেশ্য স্পেশাল ফোর্স এবং গেরিলা বাহিনী গুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য আপাতদৃষ্টিতে নিরীহ এবং আশেপাশে থাকা সহজলভ্য উপাদান সমূহের মাধ্যমে যুদ্ধোপকরণ তৈরি করার খুটিনাটি বিস্তারিত বর্ণনা প্রদান করা।

স্পষ্টতই সামরিক কারখানায় উৎপাদিত যুদ্ধোপকরণ তাৎক্ষণিক ভাবে উদ্ভাবিত যুদ্ধোপকরণের তুলনায় সর্বদা অধিক কার্যকর, সহজে ব্যবহার যোগ্য এবং কম ঝুকিপূর্ণ তবে গেরিলা যুদ্ধের নির্দিষ্ট কিছু

অভিযানে নিরাপত্তাগত এবং যৌক্তিক কারনে সামরিক কারখানায় উৎপাদিত যুদ্ধোপকরণ সহজলভ্য নয় কিংবা ব্যবহার অনুপযোগী হয়ে থাকে। অতএব একজন গেরিলা যোদ্ধা নির্ভর করবেন সেসব উপাদানের উপরে যা তিনি ঔষধ এবং রংয়ের দোকান হতে ক্রয় করতে কিংবা আবর্জনার স্তুপ হতে সংগ্রহ করতে পারবেন কিংবা সংগ্রহ করতে সমর্থ হবেন কোনো সামরিক সরঞ্জামের উৎস হতে।এছাড়াও তিনি নির্ভর করবেন গৃহ তৈরীতে ব্যবহৃত বিভিন্ন সাদাসিধা উপকরনের প্রতি যা এতটাই সহজলভ্য এবং নিরিহ উপকরন যে তিনি সেসব কোনো প্রকার উত্তেজনা তৈরি এবং সন্দেহের উদ্রেক না ঘটিয়েই বহন করতে পারবেন। এটা যুক্ত করা অত্যাবশ্যক যে উপকরন তৈরী করার ক্ষেত্রে একটি অভীষ্ট লক্ষ্য নির্ধারণ করা সমীচীন যার ফলে উপকরনটি মানসম্মত হবে এবং যথাসম্ভব অধিকতর যুদ্ধক্ষেত্র সমূহে সর্বোচ্চ সুবিধার সঙ্গে ব্যবহার উপযোগী ভাবে তৈরি করা সম্ভব হবে।

গেরিলা বাহিনীর যেসব সৈনিকগন যুদ্ধোপকরণসমূহ সচারাচর তৈরি এবং ব্যবহারে অভ্যস্ত নন তাদের জন্য বইটিতে যুক্ত করা হয়েছে সহজ সাবলিল ব্যাখ্যা এবং উপকরণ সমূহ তৈরি করতে সহায়ক অসংখ্য চিত্র। পুস্তিকাটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে দেশীয় উপাদন হতে বিস্ফোরক তৈরি করার জন্য বিস্ফোরণে সহায়তাকারী পদার্থ ,

প্রোপেলান্টস, চার্জ, স্মল আর্মস, মর্টার, আগ্নেয় বোমা, ডিলে'স, সুইচ এবং অনুরুপ উপকরন তৈরি করার উপায়।

নিরাপত্তা এবং ঝুঁকি হতে বেচে থাকার নির্ভরযোগ্যতা

প্রতিটা উপাদান তাত্বিক ভাবে (থিওরিটিক্যালি) এবং বাস্তব পরীক্ষামূলক (প্র্যাক্টিক্যালি) ভাবে পরীক্ষা নীরিক্ষা করা হয়েছে নিরাপত্তা এবং ঝুঁকি হতে নির্ভরতা প্রদানের নিশ্চয়তার নিমিত্ত্বে। একটি বিশাল সংখ্যক উপাদান পরিত্যাগ করা হয়েছে তন্মধ্যের অবিশ্বাস্য বিপদজনক শক্তিমত্তার কারনে। কার্যপ্রণালি সমূহ প্রয়োগকালীন সময়ে প্রয়োগকারীর যথাযথভাবে নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় সতর্কতা মূলক পদক্ষেপ পুস্তিকাটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে যা তারা অনুসরন করবে কিন্তু এটা গুরুত্বপূর্ণ যে নিরাপত্তা হলো মন মানসিকতার সঙ্গে সংশ্লিষ্ট একটি বিষয় (অর্থ্যাৎ প্রস্তুতকারীদের অবশ্যই একটি নিরাপত্তা সুলভ মন মানসিকতা থাকতে হবে)। এটা প্রমানিত সত্য, যে সৈনিক সতর্কতা অবলম্বন করে, যেকোনো পরিস্থিতিতে অনাগত বিপদের সম্ভাবনা সমূহ নিয়ে চিন্তা ভাবনা করে এবং যথাযথ ভাবে সতর্কতা মূলক পদক্ষেপ গ্রহন করে তার বিপদের মুখোমুখি হওয়ার সম্ভাবনা সবচেয়ে কম থাকে একজন অসতর্ক এবং উদাসীন সৈনিকের তুলনায়।এটা অপরিহার্য যে এই কাজ করতে হবে অবশ্যই সুনির্ধারিত পরিকল্পনার মাধ্যমে এবং

অক্ষরে অক্ষরে প্রদেয় নির্দেশনা অনুসরন করতে হবে ; সকল কাজ ই সম্পাদন করা উচিত একটি সুশৃঙ্খল পদ্ধতির মাধ্যমে। বিস্ফোরক, ডেটোনেটর, প্রোপেলান্ট এবং আগ্নেয় বোমার উপকরন উৎপাদনের ক্ষেত্রে অবশ্যই পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে এবং শক্তির বিচ্ছুরণ তথা স্ফুলিঙ্গ, ঘর্ষণ, সংঘর্ষ, উত্তপ্ত বস্তু, আগুনের শিখা, রাসায়নিক বিক্রিয়া সমূহের ক্ষতিকর প্রভাব এবং অতিরিক্ত চাপ যথাসম্ভব এড়ানো উচিত।

উপকরন সমূহ বেশ কার্যকর কেননা এই উপকরন গুলো বেশিরভাগ পরিবেশে (পরিস্থিতিতে / স্থানে) খুব সহজে খুজে পাওয়া যায় ; উপকরন সমূহের নমুনা গুলো বাস্তবে ব্যবহার করার পূর্বে দূরবর্তী (নিরাপদ) স্থানে পরীক্ষা - নিরীক্ষা করতে হবে যাতে সর্বোত্তম ফলাফল অর্জন করা সম্ভব হয়।রাসায়নিক পদার্থ সমূহ তৈরি করার পরে শুষ্ক ও পরিস্কার পরিচ্ছন্ন স্থানে, কোনো প্রকার এনার্জি (শক্তি) এর সংস্পর্শতা হতে নিরাপদ দূরত্বে সংরক্ষণ করতে হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব ব্যবহার করা উচিত। কোনো নির্দিষ্ট / অনির্দিষ্ট উদ্দেশ্যে পরিবহন বা ব্যবহার করার সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

ব্যবহারকারীর মতামত

প্রত্যাশা করা হয় যে সময়ের ধারাবাহিকতায় পুস্তিকাটি সংশোধন কিংবা পরিবর্তন করা হবে।এটা এভাবে করা হবে যে বর্তমান উপাদান সমূহ উন্নত করা এবং নতুন কোন উপাদান পাওয়া গেলে সেগুলো যুক্ত করা।পুস্তিকাটির যেখানে পরিবর্তন কিংবা পরিবর্ধন করা প্রয়োজন তা সম্পর্কে জানানোর জন্য ব্যবহারকারীদের উৎসাহিত করা হচ্ছে। সুপারিশকৃত পরিবর্তনটি বইটির কোন পাতার কোন অনুচ্ছেদের কততম লাইনে হওয়া উচিত তা স্পষ্ট ভাবে জানাতে হবে।পরিপূর্ণ ভাবে মূল্যায়নের সুবিধার্থে প্রতিটি মতামত যথাযথভাবে কারনসহ বর্ণনা করতে হবে।মতামত সমূহ সরাসরি পাঠাতে হবে নিম্নোক্ত ঠিকানায়ঃ-

কমান্ডান্ট, ইউনাইটেড স্টেট আর্মি, স্পেশাল ওয়ারফেয়ার স্কুল, ফোর্ট ব্র্যাগ,নর্থ ক্যারোলিনা 28307 এবং কমান্ডিং অফিসার, ইউনাইটেড স্টেট আর্মি ফ্রাঙ্কফোর্ড আর্সেনাল, SMUFA-J8000, ফিলাডেলফিয়া, পেনসিলভানিয়া 19137